দৈনিক
ইত্তেফাক

তারিখ: 14 NOV 2003
পৃষ্ঠা: 20 কলাম: [illegible]

# সরকারি কলেজের শিক্ষকরা ঢাকায় একনাগাড়ে চার বছরের বেশি চাকরি করতে পারবেন না

## বদলি ও পদায়ন নির্দেশনার পরিপত্র জারি

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের সকল পর্যায়ের কর্মকর্তাদের বদলি ও পদায়ন নির্দেশনা পরিপত্র জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়। বৃহস্পতিবার এ পরিপত্র জারি করা হয়। নির্দেশিকায় বলা হয়েছে, বদলি ও পদায়নের ক্ষেত্রে কর্মকর্তাদের শিক্ষা জীবনের অর্জিত ফলাফল, বুনিয়াদী প্রশিক্ষণের ফলাফল, সততা ও দক্ষতাকে বিবেচনায় আনা হবে। কোন কর্মকর্তা ঢাকায় এক নাগাড়ে চার বছর এবং সমগ্র চাকরি জীবনে দশ বছরের অধিক চাকরি করতে পারবেন না। এ পরিপত্র জারির পূর্বে সরকারি কলেজে বদলি বা পদায়নের জন্য কোন নীতিমালা ছিল না।

এছাড়া সরকারি কলেজের ছাত্রসংখ্যা, পরীক্ষার্থী সংখ্যা ও পাসের হারের ভিত্তিতে কলেজগুলোকে ই, ডি, সি, বি ও এ হিসেবে গ্রেডিং করা হয়েছে। নবনিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণকে পর্যায়ক্রমে ই, ডি, সি, বি ও এ ক্যাটাগরির কলেজে পদায়ন করা হবে। নতুন নিয়োগপ্রাপ্ত কাউকেই ঢাকা মহানগরীতে পদায়ন করা হবে না এবং ঢাকার বাইরে ৫ বছর চাকরি না হলে কাউকেই ঢাকাতে বদলি করা হবে না। কর্মকর্তাগণকে তাদের নিজ উপজেলা (৪র্থ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## সরকারি কলেজের শিক্ষকরা

(২০শ পৃঃ পর)

বা জেলায় কিংবা পার্শ্ববর্তী জেলা-উপজেলায় পদায়ন করা হবে।

নির্দেশনায় আরো বলা হয়, অধ্যক্ষ ও উপাধ্যক্ষ পদে বদলি এবং পদায়নের ক্ষেত্রে জ্যেষ্ঠ ও যোগ্য কর্মকর্তাদের ফিট লিষ্ট প্রস্তুত রাখা হবে। এক্ষেত্রে উচ্চতর ডিগ্রীধারী, প্রশিক্ষণপ্রাপ্ত, দক্ষ, নেতৃত্বের গুণাবলীসম্পন্ন কর্মকর্তাদেরকে অগ্রাধিকার দেয়া হবে। শিক্ষা জীবনে ন্যূনতম দ্বিতীয় শ্রেণীর অনার্সসহ দ্বিতীয় শ্রেণীর মাষ্টার্স ডিগ্রীধারীদেরকে অনার্স ও মাষ্টার্স কলেজসমূহে পদায়ন করা হবে।

নির্দেশনায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নায়েম), উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনষ্টিটিউট ও শিক্ষক প্রশিক্ষণ কলেজে বদলি ও পদায়নের ক্ষেত্রে জ্যেষ্ঠ, প্রশিক্ষণপ্রাপ্ত, দক্ষ অভিজ্ঞতাসম্পন্ন ও বুনিয়াদী প্রশিক্ষণে উত্তম ফলাফল অর্জনকারীদেরকে অগ্রাধিকার দেয়ার কথা বলা হয়েছে। তাছাড়া মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরে পদায়নের ক্ষেত্রে জ্যেষ্ঠতা, অভিজ্ঞতা, সততা, দক্ষতা ও পাঠ্যপুস্তক প্রণয়ন সম্পাদনা বিষয়ে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে।

দেশের ২৫১টি সরকারি কলেজের মধ্যে 'এ' ক্যাটাগরিতে ৭৪টি, 'বি' ক্যাটাগরিতে ৪৬টি, 'সি' ক্যাটাগরিতে ৫৯টি, 'ডি' ক্যাটাগরিতে ৫২টি এবং 'ই' ক্যাটাগরিতে ২০টি কলেজ অন্তর্ভুক্ত করা হয়েছে বলে শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষ থেকে জানানো হয়েছে।